ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
পরিবহন বিভাগ

স্মারক নং-৪৬.১০.০০০০.০১৭.১৮.২১৯.১৮. তারিখ-০৭/০৫/২০১৮খ্রিঃ

দরপত্র বিজ্ঞপ্তি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল যান-যন্ত্রপাতিতে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ১(এক) বছরের জন্য নিম্নবর্ণিত জ্বালানী সরবরাহ প্রদানের জন্য আগ্রহী ফুয়েল ফিলিং স্টেশন মালিক/প্রতিষ্ঠানের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

জ্বালানীর প্রকৃতি	ফিলিং স্টেশনের অবস্থান
ডিজেল, পেট্রোল, অকটেন ও সিএনজি	মিরপুর/গাবতলী/মহাখালী

শর্তাবলীঃ

১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের যান-যন্ত্রপাতিতে কর্পোরেশন কর্তৃক সনাক্তকৃত ক্রেডিট কুপন (সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলসহ)-এ বর্ণিত জ্বালানী চাহিদা অনুযায়ী সরবরাহ করতে হবে।

২। সরবরাহকারী ফুয়েল ফিলিং স্টেশনকে নিজ খরচে পেট্রোলিয়াম কোম্পানীর সাথে যোগাযোগ করে ফিলিং স্টেশনটি বৎসরে কমপক্ষে একবার সার্ভে করে কর্পোরেশনের নিকট সার্ভে রিপোর্ট দাখিল করতে হবে।

৩। ভেজাল বা নিম্নমানের বা পরিমাণে কম জ্বালানী সরবরাহ করলে বিধি মোতাবেক ব্যবস্থা গৃহিত হবে।

৪। ফুয়েল ফিলিং স্টেশনের মালিকানার কাগজপত্র এবং স্থাপন ও কার্যক্রম পরিচালনার সরকারী অনুমতি সংক্রান্ত সকল ডকুমেন্টস দাখিল করতে হবে।

৫। ফুয়েল ফিলিং স্টেশনে পর্যাপ্ত নিরাপত্তা কর্মী নিয়োজিত থাকতে হবে।

৬। ফুয়েল ফিলিং স্টেশনে প্রয়োজনীয় অগ্নি নির্বাপক যন্ত্র থাকতে হবে।

৭। ফুয়েল ফিলিং স্টেশনে পর্যাপ্ত জ্বালানী মজুদ থাকতে হবে যাতে জ্বালানী সরবরাহ কোন বিঘ্ন না ঘটে।

৮। জ্বালানী সরবরাহের ক্ষেত্রে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গাড়িগুলোকে অগ্রাধিকার দিতে হবে

৯। সরবরাহকৃত জ্বালানী ও লুব্রিক্যান্টস এর বিল সরকার কর্তৃক নির্ধারিত দরে ভ্যাট সংযোজন করতঃ পরবর্তী মাসের ৭(সাত) তারিখের মধ্যে মহাব্যবস্থাপক (পরিবহন) বরাবর দাখিল করতে হবে।

১০। হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কমপক্ষে এক কোটি পঞ্চাশ লক্ষ টাকা), গত ২(দুই) বছরের অডিট রিপোর্ট, প্রতিষ্ঠান মালিকের নাগরিত্ব সনদ/ন্যাশনাল আইডি ইত্যাদি দাখিল করতে হবে।

১১। আবেদনকারীকে তার নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে। আবেদনে পূর্ণ ঠিকানা (স্থায়ী/বর্তমান) উল্লেখ পূর্বক দুই কপি পাসপোর্ট সাইজের ছবিসহ টেলিফোন/মোবাইল নম্বর উল্লেখ করতঃ দাখিল করতে হবে।

১২। আবেদনকারী কোন প্রকার জ্বালানী কোন এলাকার ফুয়েল ফিলিং ষ্টেশন হতে সরবরাহ করবেন তা মহাব্যবস্থাপক (পরিবহন) বরাবর লিখিত আকারে দাখিল করতে হবে।

১৩। আবেদনের সাথে ঢাকাস্থ যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বরাবর বিশ লক্ষ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে। উল্লেখ্য যে, কোন প্রতিষ্ঠানের একাধিক ফুয়েল স্টেশন থাকলে আলাদা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।

১৪। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফটটি সরবরাহকালীন সময়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে রক্ষিত থাকবে।

১৫। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে ১(এক) বছরের জন্য জ্বালানী সরবরাহ সংক্রান্ত চুক্তি সম্পাদন করা হবে এবং সন্তোষজনক কার্যক্রমের ভিত্তিতে চুক্তির মেয়াদ পরবর্তী ১(এক) বছরের জন্য নবায়ন করা হবে।

১৬। জ্বালানী সরবরাহ নেয়ার জন্য এক বা একাধিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হবে এবং সেক্ষেত্রে কোন প্রতিষ্ঠান কোন ধরনের জ্বালানী সরবরাহ করবে তা কর্পোরেশন কর্তৃক নির্ধারণ করে দেয়া হবে।

১৭। আবেদনকারীকে অবশ্যই নিজস্ব ফুয়েল স্টেশনের মালিক হতে হবে। ভাড়ায় বা লীজকৃত কোন ফুয়েল স্টেশন আবেদনের জন্য অযোগ্য বলে গন্য হবে।

১৮। একাধিক আবেদনকারী যোগ্য বলে গণ্য হলে লটারীর মাধ্যমে চূড়ান্ত প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। লটারীর অনুষ্ঠানের দিন/ক্ষণ/স্থান যোগ্য আবেদনকারীকে লিখিত/টেলিফোনে জানিয়ে দেয়া হবে।

১৯। অত্র বিজ্ঞপ্তিতে চাহিত ডকুমেন্টসহ আবেদন আগামী ২২/০৫/২০১৮খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে মহাব্যবস্থাপক (পরিবহন), লেভেল-১০, নগর ভবন, প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান সেন্টার পয়েন্ট, গুলশান, ঢাকা-১২১২ বরাবর দাখিল করতে হবে। উক্ত সময়ের পর কোন আবেদন গ্রহনযোগ্য হবে না।

০৭/০৫/১৮

(আবদুল লতিফ খান)
(উপ-সচিব)
মহাব্যবস্থাপক (পরিবহন)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ফোন-০২-৯৮৫৬৮১১

স্মারক নং-৪৬.১০.০০০০.০১৭.১৮.২১৯.১৮. তারিখ-০৭/০৫/২০১৮খ্রিঃ

<u>সদয় অবগতি ও কার্যক্রমের জন্য অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)</u>

১। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২। প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১, ২, ৩ , ৪ ও ৫।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬। মাননীয় মেয়রের একান্ত সচিব (প্যানেল মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। ব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯। সিস্টেম এনালিস্ট (দরপত্র বিজ্ঞপ্তিটি ডিএনসিসি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। প্রধান জনসংযোগ কর্মকর্তা (দরপত্র বিজ্ঞপ্তিটি আগামী ০৮/০৫/২০১৮খ্রিঃ তারিখে ১টি ইংরেজী দৈনিক পত্রিকা এবং ২টি বহুল প্রচারিত দৈনিক বাংলা পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
১১। সচিবের ব্যক্তিগত সহকারী (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। নিরাপত্তা কর্মকর্তা।
১৩। নোটিশ বোর্ড।
১৪। অফিস কপি।
১৫। ফাইল কপি।

০৭/০৫/১৮

মহাব্যবস্থাপক (পরিবহন)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন